গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.০৬.০১২.১৭-২৪৭ তারিখঃ ২২-০৫-২০১৮

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরের এপ্রিল ২০১৮ পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ১৪ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (নিকস ফন্টে হার্ড ও সফট কপি) ও ই-মেইল (sajalpol@gmail.com) ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

22/05/18

(দীপ জন মিত্র)
সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ বাজেট শাখা-১৬)
৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৭। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮। অতিরিক্ত সচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১০। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
১১। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে বিতরণের অনুরোধসহ)
১২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩। উপসচিব (ডিএফডিপি শাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট ,৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
১৫। প্রকল্প পরিচালক, **SASEC Road Connectivity:** Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4) to 4- lane Highway, হাউজ নং-১২৭, সড়ক নং-২, ব্লক-এ নিকেতন, গুলশান, ঢাকা-১২১২
১৬। প্রকল্প পরিচালক, সাসেক সংযোগ সড়ক-২ : হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৭। প্রকল্প পরিচালক, ২য় কাঁচপুর, মেঘনা, গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু সমুহের পুনর্বাসন প্রকল্প, বনানী, ঢাকা
১৮। প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট, বাসা নং-৪ (তয় তলা), রোড নং-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
১৯। প্রকল্প পরিচালক, নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মান প্রকল্প প্রকল্প, বনানী, ঢাকা
২০। প্রকল্প পরিচালক, বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ প্রকল্প, সড়ক গবেষণাগাড়, পাইকপাড়া, মিরপুর
২১। প্রকল্প পরিচালক, তৃতীয় কর্ণফূলী সেতু নির্মাণ, গড সাহেব রোড, হিলটপ, রহমতগঞ্জ, চট্টগ্রাম
২২। প্রকল্প পরিচালক, ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রকল্প (ডব্লিউবিবিআইপি),সেতু ভবন, বনানী, ঢাকা
২৩। প্রকল্প পরিচালক, মাতারবাড়ি কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ, সেতু ভবন, বনানী, ঢাকা
২৪। প্রকল্প পরিচালক, Technical Assistance for Sub Regional Road Transport Project Preparatory Facility-২ প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা।
২৫। প্রকল্প পরিচালক, Technical Assistance for Detailed Study & Design of Dhaka-Chattagong Express Way on PPP Basis শীর্ষক প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা।
২৬। প্রকল্প পরিচালক, এস্টাব্লিসিং অফ ক্লিয়ারিং হাউজ ফর ইন্টিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এরিয়া, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
২৭। প্রকল্প পরিচালক, ডিটিসিএ এর সক্ষমতাবৃদ্ধিকরণ, নগর ভবন, ঢাকা
২৮। প্রকল্প পরিচালক, ইনট্রিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট, নগর ভবন, ঢাকা
২৯। প্রকল্প পরিচালক, ক্রস-বর্ডার রোড নেটওর্য়াক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৩০। প্রকল্প পরিচালক, বিআরটিসি'র জন্য বাস সংগ্রহ, বিআরটিসি ভবন, মতিঝিল, ঢাকা
৩১। প্রকল্প পরিচালক, বিআরটিসি'র জন্য ট্রাক সংগ্রহ, বিআরটিসি ভবন, মতিঝিল, ঢাকা
৩২। প্রকল্প পরিচালক, ২য় ভারতীয় ক্রেডিট লাইনের আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ প্রকল্প, তেজগাঁও, ঢাকা
৩৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), আশুগঞ্জ-আখাউড়া মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, কুমিল্লা জোন,
৩৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

www.rthd.gov.bd // date: 2018-05-24

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

www.rthd.gov.bd || date: 2018-05-24

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৭-২০১৮ অর্থবছরের এপ্রিল ২০১৮ পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
তারিখ	:	১৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	দুপুর ০২:০০ মিনিট
স্থান	:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

১. উপস্থাপনা

সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান সভাকে জানান যে, ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি'র আওতায় বৈদেশিক সহায়তাপুষ্ট ২১টি প্রকল্প রয়েছে (টিএ ০৭টি, বিনিয়োগ ১৪টি)। প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থবছরে মোট ১০৪২৪.৪০ কোটি (প্রকল্প সাহায্য ৭৬৫৫.৭১ কোটি ও জিওবি ২৭৬৬.৬৯ কোটি) টাকা বরাদ্দ রয়েছে। এপ্রিল ২০১৮ পর্যন্ত মোট ৪১৮৬.০৪ কোটি টাকা (প্রকল্প সাহায্য ৩৩৮১.৭৬ ও জিওবি ৮০৪.২৮ কোটি) ব্যয় হয়েছে। বৈদেশিক সহায়তা ব্যয়ের হার ৪৪.১৭%। উন্নয়ন সহযোগী সংস্থাভিত্তিক প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরুপঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২. জাইকার অর্থায়নে গৃহীত প্রকল্প			
সংস্থা : ডিটিসিএ			
২.১ ঢাকা মাস ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (১/৭/২০১২-৩০/৬/২০২৪)	সরকারের ফাস্ট ট্র্যাকভুক্ত এ প্রকল্পটির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের আট (০৮)টি প্যাকেজের মধ্যে প্যাকেজ ০১ এর কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। প্যাকেজ ০২, ০৩ ও ০৪ এর কাজ চলমান রয়েছে। প্যাকেজ নং ০৫ ও ০৬ এ আওতাধীন এলাকায় ইউটিলিটি শিফটিং চলছে এবং এ দুটি প্যাকেজেরই দরপত্র অনুমোদনান্তে ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্যাকেজ ০৭ এর নিগোসিয়েশন চলমান আছে। ক্রয়চুক্তি অনুযায়ী প্যাকেজ ৮ এর কাজও চলছে। প্রকল্প বাস্তবায়নের কাজ সিডিউল অনুযায়ী অগ্রসর হচ্ছে। তবে আরএডিপি'তে প্রকল্প সাহায্য খাতে প্রদত্ত বরাদ্দের সম্পূর্ন ব্যয় নির্ভর করছে প্যাকেজ ০৭ এর অনুমোদনের উপর। এ প্যাকেজের অনুমোদন দ্রুত সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হয়। প্রকল্পের পিএসসি সভা আয়োজনের জন্য বলা হয়।	(ক) প্যাকেজ-৭ এর অনুমোদন দ্রুত সম্পন্ন করতে হবে। (খ) আরএডিপি'তে প্রকল্প সাহায্য খাতে প্রদত্ত বরাদ্দের সম্পূর্ন ব্যয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। (গ) প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা আহ্বান করতে হবে।	প্রকল্প পরিচালক পরিকল্পনা উইং
২.২ এস্টাব্লিসিং অফ ক্লিয়ারিং হাউজ ফর ইন্টিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এরিয়া (১/৭/২০১৪-৩০/৬/২০১৮)	সভাকে অবহিত করা হয় যে, হাতিরঝিল চক্রাকার বাস রুটে র‍্যাপিড পাস প্রবর্তনের লক্ষ্যে ১৭/০৪/১৮ তারিখে PTO ও Agent এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়েছে। ২২/০৪/১৮ তারিখ হতে উক্ত রুটে র‍্যাপিড পাস চালু হয়েছে। র‍্যাপিড পাস এর প্রচার ও প্রসারের লক্ষ্যে এপ্রিল ২০১৮ মাসের ০৩ ও ০৪ তারিখ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবনে, ১০ ও ১১ তারিখে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেডে, ১৭ ও ১৮ তারিখ বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বিএসইসি ভবন, ২৩ ও ২৪ তারিখ ডাচ-বাংলা ব্যাংক লিঃ এর পক্ষ হতে এইচআর ট্রান্সপোর্টের শুটিং ক্লাব ও রামপুরা বুথে ক্যাম্পেইন করা হয়। এপ্রিল ২০১৮ পর্যন্ত ১,৯১২টি র‍্যাপিড পাস বিক্রি হয়েছে। উক্ত কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়।	র‍্যাপিড পাস ব্যবহারের জন্য অপারেটর বৃদ্ধির প্রচার অব্যাহত রাখতে হবে।	ডিটিসিএ ও প্রকল্প পরিচালক
২.৩ ইনট্রিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট (১/৭/২০১৫-৩০/৬/২০১৮)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, সবকটি ইন্টারসেকশন উন্নয়নের কাজ চলছে। সার্বিকভাবে অগ্রগতি প্রায় ৭০%। তবে জাইকার বিলম্বের কারণে আইটিএস সরঞ্জাম যথাসময়ে ক্রয় করা যাচ্ছে না বিধায় মেয়াদ বৃদ্ধি প্রয়োজন। মেয়াদ বৃদ্ধির বিষয়ে দ্রুত উদ্যোগ গ্রহণ এবং প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	(ক) মেয়াদ বৃদ্ধির বিষয়ে দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে। (খ) প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।	নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক

www.rthd.gov.bd || date: 2018-05-24

সংস্থা : সওজ অধিদপ্তর			
২.৪ ২য় কাঁচপুর, ২য় মেঘনা, ২য় গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু সমুহের পুনর্বাসন প্রকল্প (১/৪/২০১৩-৩১/১০/২০২১)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, তিনটি সেতুরই সুপারস্ট্রাকচারের কাজ চলছে এবং প্রকল্পটি বাস্তবায়ন করতে গিয়ে দেখা যাচ্ছে ডিপিপি-তে কিছু বিষয় অন্তর্ভুক্ত/পরিবর্তন করা প্রয়োজন। বিষয়গুলো পর্যালোচনা করা হচ্ছে। প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। উপযোজনের মাধ্যমে জিওবি ও পিএ খাতে অতিরিক্ত অর্থ দেয়া হলে ব্যয় করা সম্ভব হবে।	উপযোজনের মাধ্যমে জিওবি ও পিএ খাতে প্রদত্ত অতিরিক্ত অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।	প্রকল্প পরিচালক
২.৫ মাতারবাড়ি কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ (১/৭/২০১৫-৩০-০৬/২০২০)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্যাকেজ ৩.৩ এবং প্রস্তাবিত প্যাকেজ ৩.২.১ এর জন্য Resettlement Action Plan (RAP) বিষয়ে জাইকার Environmental Review সমাপ্ত হলে আগামী জুন ২০১৮ এর মধ্যে সম্পন্ন করার জন্য জাইকার সাথে যোগাযোগ অব্যাহত আছে। জাইকার Environmental Review Team এর চাহিদা মোতাবেক প্রকল্প সংক্রান্ত তথ্য প্রদান করা হয়েছে এবং তার প্রেক্ষিতে প্রাথমিক ধাপের Review সম্পন্ন হয়েছে। জাইকার সম্মতি পাওয়া গেলে ৩.২.১ এর দরপত্র আহ্বান করা সম্ভব হবে। প্যাকেজ ৩.৩ এর আওতাধীন জমির শ্রেণী সংক্রান্ত জটিলতার বিষয়ে এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়কে জানানোর উদ্দেশ্যে মন্ত্রণালয়ের ডিএফডিপি শাখা থেকে ১৬-০৪-২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে এবং জেলা প্রশাসক, কক্সবাজারকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দিয়েছেন। এ বিষয়ে জেলা প্রশাসকের সাথে প্রকল্প পরিচালকও আলোচনা করেছেন। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়টি দ্রুত নিষ্পত্তির জন্য আশ্বাস দেয়া হয়েছে। প্যাকেজ ৩.২.২ এর আওতাধীন সড়কটির জন্য ভূমি অধিগ্রহণ না করে শুধুমাত্র মেরামতের জন্য সড়কটি খসড়া ডিজাইন ১৭-০৪-২০১৮ তারিখে জাইকা অফিসে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে যোগযোগ রেখে মেরামত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য বলা হয়।	(ক) আলোচনা অনুযায়ী ভূমি অধিগ্রহণ সংশ্লিষ্ট সমস্যা সমাধান করে অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। (খ) প্যাকেজ ৩.২.২ এর আওতাধীন সড়কটির জন্য ভূমি অধিগ্রহণ না করে শুধুমাত্র মেরামতের জন্য সড়কটি প্রকল্পে অন্তর্ভুক্ত রাখার বিষয়ে জাইকার সম্মতি গ্রহণপূর্বক দ্রুত মেরামত কাজ সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক ও উন্নয়ন উইং
২.৬ ডব্লিউবিবিআইপি (১/১০/২০১৫-৩০/৬/২০২০)	প্রকল্প পরিচালক জানান যে, প্যাকেজ ৩, ৪ ও ৫ এর জন্য ১২-১১-২০১৭ তারিখে এবং প্যাকেজ ১ ও ২ এর জন্য ২৭-০২-২০১৮ তারিখে কাজ শুরুর নিমিত্ত ঠিকাদারকে কার্যাদেশ দেয়া হয়েছে। মাঠ পর্যায়ে কাজ শুরু হয়েছে। অতিরিক্ত ২১টি সেতু নির্মাণের জন্য প্রস্তাব তথ্যাদিসহ জাইকা অফিসে প্রেরণ করা হয়েছে। জাইকা বাংলাদেশ অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রেখে কাজটি ত্বরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয়।	অতিরিক্ত ২১টি সেতু নির্মাণের বিষয়ে জাইকা বাংলাদেশ অফিসের সম্মতি গ্রহণের লক্ষ্যে অব্যাহত যোগযোগের মাধ্যমে কাজটি ত্বরান্বিত করতে হবে।	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী
২.৭ ক্রস-বর্ডার রোড নেটওর্য়াক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ) (১/০২/২০১৬-৩১/৬/২০২২)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতাধীন ০৪টি প্যাকেজ রয়েছে। প্যাকেজি-এ১ এর আওতায় কালনা সেতুর ভূমি অধিগ্রহণের ১ম প্রস্তাব সংশোধন করে ৩০-০৪-২০১৮ তারখে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২য় প্রস্তাবের যৌথ তদন্ত সম্পন্ন হয়েছে। প্যাকেজ-২ এর আওতায় গ্যারাকোলা সেতুর ভূমি অধিগ্রহণের জন্য ডিএলএসি সভা ২২-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়েছে। প্যাকেজ-বি এর আওতায় ভূমি অধিগ্রহণের জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন চাওয়া হয়েছে। প্যাকেজ-সে এর ভূমি অধিগ্রহনার্থে ভূমির সম্ভাব্যতা যাচাই ও জনমত জরিপ ৩০-০৪-২০১৮ তারিখে সম্পন্ন হয়েছে। প্যাকেজ-এ১ এর আওতায় কালনা সেতু নির্মাণের দরপত্র অনমোদন প্রক্রিয়াধীন আছে। প্যাকেজ- এ২, ও সি এর আর্থিক দরপত্র খোলা হয়েছে। প্যাকেজ-বি এর দরপত্র উন্মুক্ত করা হয়েছে, মূল্যায়ন চলছে। দ্রুত ভূমি অধিগ্রহণ, দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করার এবং নতুন সেতুসমূহ অন্তর্ভুক্ত করে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয় এবং মন্ত্রণালয়ে পাওয়া গেলে দ্রুত প্রক্রিয়া করার জন্য পরামর্শ দেয়া হয়।	(ক) ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। (খ) দরপত্র প্রক্রিয়াকরণ ন্যূনতম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। (গ) সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া গেলে দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী পরিকল্পনা উইং

www.rthd.gov.bd || date: 2018-05-24

২.৮ ব্রীজ ম্যানেজমেন্ট ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট (টিএ-৩) (১-৯-১৫ হতে ৩১-৩-১৮)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় প্রশিক্ষণ ও সেতু ইন্সপেকশন কার্যক্রম চলমান আছে। ইন্সপেকশন শেষে প্রাপ্ত তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রি দেয়া হবে। রিপোর্টের ভিত্তিতে সেতুসমূহ পুনর্বাসনের অগ্রাধিকার নির্ধারণ করা হবে। প্রকল্পের সংশোধিত টিপিপি অনুযায়ী কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং প্রকল্পের আওতাধীন সকল কাজের যথাযথ ডকুমেন্টেশন নিশ্চিত করার জন্য বলা হয়।	(ক) প্রকল্পের সংশোধিত টিপিপি অনুযায়ী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। (খ) প্রকল্পের আওতাধীন সকল কাজের যথাযথ ডকুমেন্টেশন নিশ্চিত করতে হবে।	ব্রীজ ম্যানেজমেন্ট উইং
৩. এএফডি'র অর্থায়নে গৃহীত প্রকল্প			
সংস্থা: ডিটিসিএ			
৩.১ Technical Assistance for DTCA (৩১-১২-২০১৮)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ঢাকা পরিবহন ও সমন্বয় কর্তৃপক্ষের ১৪০টি নতুন পদ সৃষ্টির সরকারী আদেশ জারী হয়েছে। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্মচারী প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া শীঘ্রই অনুমোদনের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হবে। অর্থায়ন বিষয়ে এএফডি'র সাথে যোগাযোগ অব্যাহত আছে। আরএডিপি বরাদ্দ ব্যয় করার জন্য নির্দেশনা দেয়া হয়।	ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্মচারী প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া অনুমোদনের জন্য দ্রুত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হবে।	প্রকল্প পরিচালক
৪. এডিবির অর্থায়নে গৃহীত প্রকল্প			
৪.১ গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি গাজীপুর-এয়ারপোর্ট) (১/১২/১২-৩১/১২/২০১৮)	প্রকল্প পরিচালক বলেন যে, গাজীপুর ধান গবেষণা ইনস্টিটিউট এর অনাপত্তির প্রেক্ষিতে জমি প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দ্রুত জমি প্রাপ্তির প্রচেষ্টা অব্যাহত রাখার এবং ড্রেনেজ ও অবৈধ দখল সমস্যা নিষ্পত্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক/সওজ অধিদপ্তরের মনিটরিং উইং থেকে সরেজমিন পরিদর্শন করে করণীয় নির্ধারণসহ প্রতিবেদন দাখিলের পরামর্শ দেয়া হয়।	ড্রেনেজ ও অবৈধ দখল সমস্যা নিষ্পত্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক/সওজ অধিদপ্তরের মনিটরিং উইং থেকে সরেজমিন পরিদর্শন করে করণীয় নির্ধারণসহ প্রতিবেদন দাখিল করবে।	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর
৪.২ SASEC Road Connectivity: Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4) to 4-lane Highway. (০১/০৪/১৩-৩১/০৩/১৮)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের বাস্তবায়ন কাজের গতি বৃদ্ধি করা হয়েছে। আসন্ন রোজা এবং ঈদের সময় বিবেচনায় রেখে কার্যক্রম ত্বরান্বিত করাসহ যানবাহনের সহজ যাতায়াত নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সংশোধিত ডিপিপি'র আলোকে কার্যাদি নির্ধারিত সময়ে সম্পন্নের লক্ষ্যে অঙ্গভিত্তিক সংশোধিত কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করার জন্য পরামর্শ দেয়া হয়।	(ক) আসন্ন রোজা এবং ঈদের সময় বিবেচনায় রেখে কার্যক্রম ত্বরান্বিত করাসহ যানবাহনের সহজ যাতায়াত নিশ্চিত করতে হবে। (খ) সংশোধিত ডিপিপি'র আলোকে কার্যাদি নির্ধারিত সময়ে সম্পন্নের লক্ষ্যে অঙ্গভিত্তিক সংশোধিত কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	প্রকল্প পরিচালক
৪.৩ Technical Assistance for Sub-Regional Road Transport Project Preparatory Facility-II (১/৭/১৫-৩০/৬/২০১৯)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, Final Inception Report এর ভিত্তিতে পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম চলমান রয়েছে। অগ্রাধিকার ভিত্তিতে যশোর-বেনাপোল মহাসড়কের স্ট্যাডি কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হয়। এ প্রকল্পের বিস্তারিত তথ্যসহ স্টিয়ারিং কমিটি'র সভা আহ্বানের জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক) অগ্রাধিকার ভিত্তিতে যশোর-বেনাপোল মহাসড়কের স্ট্যাডি কার্যক্রম সম্পন্ন করত হবে। (খ) প্রকল্পের বিস্তারিত তথ্যসহ স্টিয়ারিং কমিটি'র সভা আহ্বান করতে হবে।	প্রকল্প পরিচালক পরিকল্পনা উইং
৪.৪ Technical Assistance for Detailed Study & Design of Dhaka-Chittagong Express Way on PPP Basis. (১/৩/২০১৩-	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভিজিএফ প্রস্তাব অনুমোদন ০৪-০৪-২০১৮ তারিখে অর্থ মন্ত্রণালয়ে প্রকল্পের ভিজিএফ প্রস্তাব পর্যালোচনার জন্য ভিজিএফ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। বিষয়টি বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে, শীঘ্রই অনুমোদন পাওয়া যাবে। ভূমি অধিগ্রহণ/ইউটিলিটি শিফটিং ইত্যাদি কাজের জন্য সাপোর্ট প্রকল্পের	(ক) ভিজিএফ অনুমোদন ত্বরান্বিত করার জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগের অব্যাহত রাখাতে হবে। (খ) এডিবি লোনের মেয়াদ	প্রকল্প পরিচালক ও ডিএফডিপি শাখা

www.rthd.gov.bd || date: 2018-05-24

৩১/৮/২০১৮)	জনবল অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগে সভা অনুষ্ঠিত হয়েছে। জনবল অনুযায়ী ডিপিপি সংশোধন করা হবে। এডিবি ঋণের মেয়াদ বৃদ্ধিতে আগ্রহী নয় মর্মে জানিয়েছে। সে প্রেক্ষিতে জিওবি অর্থে অবশিষ্ট কাজ সম্পন্ন করার লক্ষ্যে ইআরডিকে অবহিত রেখে পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করার নিমিত্ত উদ্যোগ গ্রহণের পক্ষে সভায় একমত পোষণ করা হয়।	বৃদ্ধিতে অপারগ হলে জিওবি অর্থে সম্পন্ন করার নিমিত্ত ইআরডিকে অবহিত রেখে পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করতে হবে।	
৪.৫ সাসেক সংযোগ সড়ক-২ : হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২২)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের ০৮টি সড়ক উন্নয়ন প্যাকেজেরই দরপত্র আহ্বান করা হয়েছে এবং মূল্যায়ন চলছে। তন্মধ্যে প্যাকেজ-৫ ও ৬ এর কারিগরী মূল্যায়ন শেষে আর্থিক দরপত্র মূল্যায়ন চলছে। প্যাকেজ-৭, ৮ ও ৯ এর কারিগরী মূল্যায়ন শেষে সম্মতির জন্য এশীয় উন্নয়ন ব্যাংকের নিকট প্রেরণ করা হয়েছে। প্যাকেজ-১০, ১১ ও ১২ এর ১০-০৩-২০১৮ তারিখে উন্মুক্ত করার পর কারিগরী মূল্যায়ন চলছে। দরপত্র মূল্যায়নে কম সময় নেয়ার পরামর্শ দেয়া হয়। কেইসভিত্তিক ভূমি অধিগ্রহণের প্রস্তাব সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর দাখিল করা হচ্ছে। ইতোমধ্যে ৩৫টি এলএ কেইসের মধ্যে ১২টির ডিএলএসি সভা সম্পন্ন হয়েছে। ৫টি এলএ কেইস এর উপর যৌথ জরিপ সম্পন্ন হয়েছে। ইউটিলিটি স্থানান্তর ও বৃক্ষ অপসারণের কাজ চলমান আছে। এসকল কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক) প্রকল্পের সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ দ্রুত সম্পন্ন করতে হবে। (খ) ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি শিফটিং এবং বৃক্ষ অপসারনের কাজ ন্যূনতম সময়ে সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী এবং উন্নয়ন উইং
৫. কুয়েত ফান্ডের অর্থায়নে গৃহীত প্রকল্প			
৫.১ তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ (১/৭/০৩-৩১/১২/১৮)	প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের পূর্ত কাজ দ্রুত এগিয়ে চলছে। সংশোধিত ডিপিপি পিইসি সভার সিদ্ধান্তনুসারে পুনর্গঠন করে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। সংশোধিত ডিপিপি পরীক্ষান্তে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য বলা হয়।	৩য় সংশোধিত ডিপিপি অনুমোদনের দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।	পরিকল্পনা উইং
৫.২ বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ (১/৪/২০১২-৩০/০৪/২০২১)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, মূল সেতুর কাজ চলমান রয়েছে। প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত সম্পন্ন করার নিমিত্ত উদ্যোগ নেয়া হয়েছে। ডিজাইন পরিবর্তনজনিত ভেরিয়েশন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। (খ) ডিজাইন পরিবর্তনজনিত ভেরিয়েশন প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক
৬. সৌদি ফান্ডের অর্থায়নে গৃহীত প্রকল্প			
সংস্থা: সড়ক ও জনপথ অধিদপ্তর			
৬.১ নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মান প্রকল্প (১/১১/২০১০-৩১/১২/২০১৭)	সভাকে অবহিত করা হয় যে, সেতুর পাইল নির্মাণের কাজ চলছে। ইতোমধ্যে ২০টি পাইল সম্পন্ন হয়েছে। কাজের অগ্রগতি ৩৮%। মুল সেতু ও ভায়াডাক্ট উভয় অংশের কাজ কর্মপরিকল্পনা অনুসারে বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়।	সেতুর বাস্তবায়ন কাজ সম্পন্নের লক্ষ্যে সময়ভিত্তিক একটি কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	প্রকল্প পরিচালক
৭ দ্বিতীয় LoC'র আওতাভূক্ত প্রকল্প			
৭.১ বিআরটিসি'র জন্য বাস সংগ্রহ (০১-২-২০১৬ হতে ৩০-০৬-২০১৮)	সভাকে অবহিত করা হয় যে, ভারতীয় কর্তৃক্ষের সাথে যোগযোগ অব্যাহত রেখে দ্রুত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার এবং যানবাহনের গুনগত মান নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান দেয়া হয়।	(ক) দ্রুত দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে কার্যক্রম শুরু করতে হবে। (খ) যানবাহনের গুনগত মান নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও চেয়ারম্যান বিআরটিসি
৭.২ বিআরটিসি'র জন্য ট্রাক সংগ্রহ (০১-২-২০১৬ হতে ৩০-০৬-২০১৮)	সভাকে অবহিত করা হয় যে, ভারতীয় কর্তৃক্ষের সাথে যোগযোগ অব্যাহত রেখে দ্রুত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার এবং যানবাহনের গুনগত মান নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান দেয়া হয়।	(ক) দ্রুত দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে কার্যক্রম শুরু করতে হবে। (খ) যানবাহনের গুনগত মান নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও চেয়ারম্যান বিআরটিসি

www.rthd.gov.bd // date: 2018-05-24

৭.৩ সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ (০১-০১-২০১৭ হতে ৩১-১২-২০১৮)	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হয়েছে। টেকনিক্যাল স্পেসিফিকেশনে এক্সিম ব্যাংকের সম্মতি পাওয়া গেলে টেন্ডার আহ্বান করা হবে। এ বিষয়ে ভারতীয় হাইকমিশনের সাথে সচিব মহোদয়ের একাধিক সভা হয়েছে। সভায় ০৭ দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করার জন্য উল্লেখ করা হলেও কোন কার্যকর ব্যবস্থা গৃহীত হয়নি। ভারতীয় কর্তৃপক্ষের মতামত/সম্মতি না পাওয়ায় দরপত্র আহ্বান করা সম্ভব হচ্ছে না, বিধায় যন্ত্রপাতি ক্রয় কার্যক্রম নেয়া যাচ্ছে না। ফলে যন্ত্রপাতির অভাবে নির্মাণ/মেরামত কাজ ব্যহত হচ্ছে। বিস্তারিত তথ্য সন্নিবেশ করে ইআরডি'তে প্রেরণের উদ্দেশ্যে একটি প্রস্তাব দাখিলের জন্য বলা হয়।	আলোচনা অনুযায়ী বিস্তারিত তথ্য সন্নিবেশ করে ইআরডি'তে প্রেরণের উদ্দেশ্যে একটি প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	প্রকল্প পরিচালক
৭.৪ আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে ৪-লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ (১-৪-২০১৭ হতে ৩০-৬-২০)	সভাকে অবহিত করা হয় যে, এক্সিম ব্যাংক টেন্ডার ডকুমেন্টের কিছু বিষয় সংশোধনের জন্য জানানোর প্রেক্ষিতে এক্সিম ব্যাংক এর সাথে আলোচনা হয়েছে। সকল প্যাকেজের টেন্ডার ডকুমেন্ট ইআরডি'র মাধ্যমে এক্সিম ব্যাংকের ভেটিং এর জন্য পুনরায় প্রেরণ করা হয়েছে। এক্সিম ব্যাংকের ভেটিং প্রাপ্তির লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ এবং টেন্ডার প্রক্রিয়াকরণ দ্রুত সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়।	(ক) এক্সিম ব্যাংকের ভেটিং প্রাপ্তির লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। (খ) টেন্ডার প্রক্রিয়াকরণ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের বাস্তবায়ন শুরু করতে হবে।	প্রধান প্রকৌশলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী (কুমিল্লা জোন)
৮. চীনা সহায়তায় প্রস্তাবিত নতুন প্রকল্প			
৮.১ ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ	সভাকে অবহিত করা হয় যে, ভূমি অধিগ্রহণ প্রস্তাব ইতোমধ্যে ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে এবং অধিগ্রহণ প্রক্রিয়া চলমান আছে। সেতু নির্মাণের কার্যাদেশ প্রদান করা হয়েছে। এ সেতু নির্মাণের বিষয়ে আরো তৎপর হওয়ার জন্য প্রকল্প পরিচালকে নির্দেশনা দেয়া হয়।	(ক) দ্রুত ভূমি অধিগ্রহণ সম্পন্ন করতে হবে। (খ) প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রধান প্রকৌশলী
৮.২ ৯ম (বগা সেতু) বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ	সভায় জানানো হয় যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার বগা নদীর ওপর নির্মিতব্য সেতু (ক্রম ৪২) ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে বাংলাদেশ ও চীন সরকারের মধ্যে ১১/০৫/২০১৭ তারিখে অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অনুদান চুক্তির কপি এ বিভাগে পাওয়া গিয়েছে। Feasibility Study এবং Detailed Design সম্পন্ন করার জন্য চীন কর্তৃপক্ষকে পত্র দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে চীন দূতাবাস হতে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, ধারাবাহিকভাবে ক্রমানুযায়ী ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর কাজ গ্রহণ করা হবে।	(২) ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে অনুদান চুক্তি অনুযায়ী অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে এবং Feasibility Study ও Detailed Design সম্পন্ন করার জন্য চীন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ব্রীজ ম্যানেজমেন্ট উইং)
৮.৩ ১০ম (মংলা সেতু) ও ১১তম (ঝপঝপিয়া সেতু) বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ	সভায় জানানো হয় যে, মংলা নদীর উপর ঝুলন্ত সেতু (১০ম বাংলাদেশ চীন-মৈত্রী সেতু) এবং বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর উপর ঝপঝপিয়া সেতু (১১তম বাংলাদেশ চীন মৈত্রী সেতু) নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে গত ১৪/১০/২০১৬ তারিখ MoU স্বাক্ষরিত হয়েছে। চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	১০ম (মংলা সেতু) ও ১১তম (ঝপঝপিয়া সেতু) বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ব্রীজ ম্যানেজমেন্ট উইং)
৯. অন্যান্য প্রকল্পসমূহ			
৯.১ ঢাকা সার্কুলার রুট	সভায় জানানো হয় যে, প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি শেষ পর্যায়ে রয়েছে। তিনটি ভাগে বিভক্ত করে সম্পন্ন করা হচ্ছে। মাওয়া-গাবতলী সড়কের ডিপিপি শীঘ্রই চূড়ান্ত হবে।	প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি দ্রুত সম্পন্ন করতে হবে।	অতিঃক্ত প্রধান প্রকৌশলী (ঢাকা জোন)
৯.২ মাননীয় প্রধান মন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের পিডিপিপি	সভায় অবহিত করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির বিপরীতে যেসব প্রকল্প গ্রহণ করা হবে সেগুলোর মধ্যে বৈদেশিক সহায়তা প্রাপ্তির জন্য ইআরডি'তে/পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন পিডিপিপি'র বিষয়ে যুগ্মপ্রধান বলেন যে, পর্যালোচনা করে দেখা গেছে ইআরডি'তে প্রেরিত	(ক) ইআরডি ও পরিকল্পনা কমিশনে প্রেরিত পিডিপিপি'র বিষয়ে অগ্রগতি/ব্যবস্থা গ্রহণের	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও

www.rthd.gov.bd || date: 2018-05-24

	পিডিপিপি'র মধ্যে দুটি পিডিপিপি'র বিষয়ে বিশেষ কোন অগ্রগতি জানা যায়নি এবং পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদনের জন্য ১টি প্রক্রিয়াধীন রয়েছে। তিনি বলেন যে, এ প্রেক্ষিতে ডি.ও পত্রের পরিবর্তে ইআরডি ও পরিকল্পনা কমিশনে ব্যবস্থা গ্রহণের জন্য দাপ্তরিক পত্র প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে দ্রুত উদ্যোগ গ্রহণের এবং নতুন চাহিদার আলোকে নতুনভাবে পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও সংস্থাসমূহকে বলা হয়।	জন্য সচিব, ইআরডি ও সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে। (গ) নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অন্যান্য সংস্থা প্রধান
৯.৩ পিপিপি তালিকাভুক্ত প্রকল্প	সভায় জানানো হয় যে, জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা মদনপুর (ঢাকা-বাইপাস) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের Request for Proposal (RFP) মূল্যায়ন সম্পন্ন হয়েছে। চলমান নেগোসিয়েশন সম্পন্ন করে পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। প্রধানমন্ত্রী'র কার্যালয় থেকে অন্ততঃপক্ষে উন্নয়ন খাতে ৩০% পরিমাণ ব্যয়ের প্রকল্প পিপিপি ভিত্তিতে গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সংস্থাসমূহ এ ধরণের প্রকল্প চিহ্নিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং পরিকল্পনা উইং তা সমন্বয় করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।	(ক) জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা মদনপুর (ঢাকা-বাইপাস) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের Request for Proposal (RFP) মূল্যায়ন পরবর্তী নেগোসিয়েশন দ্রুত সম্পন্ন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। (খ) সংশ্লিষ্ট সংস্থাসমূহ পিপিপি ভিত্তিতে গ্রহণযোগ্য প্রকল্পসমূহ চিহ্নিত করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরন করবে। মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং সমন্বয় করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।	পিপিপি সেল প্রধান, সওজ অধিদপ্তর এবং পরিকল্পনা উইং
১০. বিবিধ	সভায় প্রকল্পভিত্তিক আলোচনা করে ভৌত কাজের বাস্তাবয়ন অগ্রগতি পর্যালোচনা করা হলেও আরএডিপি/উপযোজন অনুযায়ী প্রদত্ত বরাদ্দের জিওবি ও পিএ খাতের অর্থ কাজের গুনগত মান বজায় রেখে আর্থিক শৃঙ্খলা অনুযায়ী শতভাগ অর্থ ব্যয়ের জন্য নির্দেশনা দিয়ে আরএডিপি বরাদ্দ ব্যয়ের ক্ষেত্রে কোনরূপ শৈথিল্য প্রদর্শন করা হলে/প্রমানিত হলে কঠোরভাবে বিষয়টি দেখা হবে মর্মে উল্লেখ করা হয়।	(ক) প্রকল্পের অনুকূলে আরএডিপি/উপযোজন অনুযায়ী প্রদত্ত বরাদ্দের জিওবি ও পিএ খাতের অর্থ কাজের গুনগত মান বজায় রেখে আর্থিক শৃঙ্খলা অনুযায়ী শতভাগ অর্থ ব্যয় করতে হবে। (খ) আরএডিপি বরাদ্দ ব্যয়ের ক্ষেত্রে কোনরূপ শৈথিল্য প্রদর্শন করা হলে/প্রমানিত হলে বিষয়টি কঠোরভাবে দেখা হবে।	সকল সংস্থা, সকল প্রকল্প পরিচালক

১০. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রকল্প বাস্তবায়নে আন্তরিক ও আরো উদ্যোগী হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

www.rthd.gov.bd // date: 2018-05-24